সুন্দরবনে কোস্ট গার্ডের পৃথক দুটি অভিযানে বিপুল পরিমাণ অস্ত্র গুলি সহ ৫ জলেে উদ্ধার।

লখেক: প্রকাশক | প্রকাশতি: 03 November 2026, 11:00 PM | বভিাগ: সারাদশে



মঙ্গলবার ০৩ নভম্বের ২০২৬ বকিালে কোস্ট গার্ড লঃে মীর আকবি মোস্তাফজি, (এক্স), বএিন, নরি্বাহী কর্মকর্তা, বসিজিএিস তৌহদি এ তথ্য জানান।

সুন্দরবনরে সক্রয়ি সকল বনদস্যু বাহনিী নর্িমূল এবং উপকূলীয় অঞ্চলে নরিাপত্তা নশ্চিতিকরণরে লক্ষ্যে বাংলাদশে কোস্ট গার্ডরে নতেৃত্বে “অপারশেন রস্টিোর পসি ইন সুন্দরবন”এবং “অপারশেন ম্যানগ্রোভ শল্ডি”নামে দুটি বশিষে অভযিান পরচিালনা করা হচ্ছে।

এরই ধারাবাহকিতায় গোপন সংবাদরে ভত্তিতিে জানা যায় সুন্দরবনরে দুর্ধর্ষ ডাকাত সাত্তার বাহনিী খুলনার কয়রা থানাধীন সুন্দরবনরে আড়শীপসা নদীর গানধার খাল এলাকায় কয়কেজন জলেকেে মুক্তপিণ আদায়রে উদ্দশ্যে জম্মি করে রখেছে। প্রাপ্ত তথ্যরে ভত্তিতিে আজ ৩ নভম্বের ২০২৬ ভোর ৪ টায় কোস্ট গার্ড স্টশেন কয়রা ও স্টশেন দোবকী কর্তৃক উক্ত এলাকায় একটি বশিষে অভযিান পরচিালনা

করা হয়। অভিযান চলাকালে কোস্ট গার্ডের উপস্থিতি টের পেয়ে ডাকাত দল জিম্মিদের রেখে সুন্দরবনের গহীনে পালিয়ে যাওয়ায় কাউকে আটক করা সম্ভব হয়নি।

পরবর্তীতে, উক্ত এলাকায় তল্লাশি চালিয়ে ১ টি ডিঙ্গি নৌকায় ৪ টি দেশীয় ওয়ান শুটার, ৬ রাউন্ড তাজা কার্তুজ, ১৩ রাউন্ড ফাঁকা কার্তুজ এবং ডাকাতদলের কাছে জিম্মি থাকা পাঁচজন জেলেকে জীবিত উদ্ধার করা হয়।

অপরদিকে পৃথক গোপন সংবাদের ভিত্তিতে একটি ডাকাতদল ডাকাতির উদ্দেশ্যে খুলনার দাকোপ থানাধীন সুন্দরবনের কুমড়োখালী খাল সংলগ্ন এলাকায় অবস্থান করছে সংক্রান্ত তথ্য পাওয়া যায়। প্রাপ্ত তথ্যের ভিত্তিতে আজ ৩ নভেম্বর ২০২৬ সকাল ১১ টায় কোস্ট গার্ড বেইস মোংলা ও কোস্ট গার্ড স্টেশন নলিয়ান কর্তৃক উক্ত এলাকায় একটি বিশেষ অভিযান পরিচালনা করা হয়। অভিযান চলাকালীন কোস্ট গার্ডের উপস্থিতি টের পেয়ে ডাকাত দলের সদস্যরা সুন্দরবনের গহীনে পালিয়ে যাওয়ায় কাউকে আটক বা শনাক্ত করা সম্ভব হয়নি।

পরবর্তীতে উক্ত এলাকায় তল্লাশি চালিয়ে অভিনব কায়দায় লুকায়িত অবস্থায় ৪ টি একনলা বন্দুক, ১ টি ০.২২ ক্যালিবার বন্দুক, ২০ রাউন্ড তাজা কার্তুজ, ৫২ রাউন্ড ০.২২ ক্যালিবার বন্দুকের গোলা ও ২ টি ম্যাগাজিন উদ্ধার করা হয়।

উদ্ধারকৃত জেলে জহুরুল ইসলাম (২৭), ফারুক গাজী (৪২), রজোউল করিম (২৬), নুরুল হুদা (২৩) ও হাসান গাজী (২৭) খুলনার কয়রা থানার বাসিন্দা।

জব্দকৃত অস্ত্র ও গোলাবারুদের পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণ এবং উদ্ধারকৃত জেলেদের পরিবারের নিকট হস্তান্তরের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

সরকারের সুস্পষ্ট নির্দেশনা, আপনাদের সকলের সহযোগিতা এবং অন্যান্য আইন শৃঙ্খলা বাহিনীর সমন্বিত প্রচেষ্টার মাধ্যমে সুন্দরবনকে সম্পূর্ণরূপে দস্যুমুক্ত করা সম্ভব হবে বলে আমরা আশাবাদী।

(ব্রিফিং প্রদানকারী কর্মকর্তাঃ লেঃ মীর আকিব মোস্তাফিজ, (এক্স), বিএন, নির্বাহী কর্মকর্তা, বিসিজিএস তৌহিদ।)

© 2026 আপনার নিউজ পোর্টাল। সর্বস্বত্ব সংরক্ষিত।
এই প্রতিবেদনটি আমাদের ওয়েবসাইট থেকে ডাউনলোড করা হয়েছে।